

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৫

৫. কিতাবুল ঈমান (كَتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আনিত সব কিছুর উপর বিশ্বাস করা এবং তদনুযায়ী আমল করা ঈমানের অন্তর্ভূক্ত

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْإِيمَانَ بِكُلِّ مَا أَتَى بِهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الْإِيمَانِ مَعَ الْعَمَلِ بِهِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى بِالْمَوْصِلِ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّدِ بْنِ عَرْعَرَةَ حَدَّثَنَا شَعِبة عن واقد بن محمد عن أبيه عن بْنَ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ حَرَمِيُّ بْنُ عُمَارَةَ حَدَّنَا شَعِبة عن واقد بن محمد عن أبيه عن بْنَ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأُنِي اللَّهِ صَلَّى اللَّهِ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُوْتُوا الزَّكَاةَ فَإِذَا فَعَلُوا ذَلِكَ عَصَمُوا مِنِّي دِمَاءَهُمْ وَأُمُوا لَهُمْ إِلَّا بِحَقّ الْإِسْلَامِ وَحِسَابُهُمْ عَلَى اللَّهِ".

الراوي: عبد الله بن عمر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 175 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৭৫. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাভ্ আনভ্মা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'আমি আদিষ্ট হয়েছি মানুষের সাথে সংগ্রাম করতে, যতক্ষণ না তারা এই সাক্ষ্য দেয় যে, 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। এবং আমি আল্লাহর রাসূল, এবং সালাত প্রতিষ্ঠা করে ও যাকাত প্রদান করে। যখন তারা এমনটা করবে, তখন তারা আমার থেকে তাদের রক্ত ও সম্পদ নিরাপদ করে নিবে। তবে ইসলামের হক ব্যতীত। আর তাদের হিসাব আল্লাহর উপর বর্তাবে।'[1]

قَالَ أَبُو حَاتِمٍ: تَفَرَّدَ بِهِ شُعْبَةُ

وَفِي هَذَا الْخَبَرِ بَيَانٌ وَاضِحٌ بِأَنَّ الْإِيمَانَ أَجْزَاءٌ وَشُعَبٌ تَتَبَايَنُ أَحْوَالُ الْمُخَاطَبِينَ فِيهَا لِأَنَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ



ذَكَرَ فِي هَذَا الْخَبَرِ (حَتَّى يَشْهَدُوا أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنِّي رَسُولُ اللَّهِ) فَهَذَا هُوَ الْإِشَارَةُ إِلَى الشُّعْبَةِ الَّتِي هِيَ فرضٌ عَلَى الْمُخَاطَبِينَ فِي جَمِيعِ الْأَحْوَالِ ثُمَّ قَالَ: (وَيُقِيمُوا الصَّلَاةَ) فَذَكَرَ الشيء الذي هو فرض على المخاطبين في بَعْضِ الْأَحْوَالِ ثُمَّ قَالَ: (وَيُوَّتُوا الزَّكَاةَ) فَذَكَرَ الشيء الذي هو فرض على المخاطبين في بَعْضِ الْأَحْوَالِ فَدَلَّ بَعْضِ الْأَحْوَالِ فَدَلَّ . ذَلِكَ عَلَى أَنَّ كُلَّ شَيْءٍ مِنَ الطَّاعَاتِ الَّتِي تُشْبِهُ الْأَشْيَاءَ التَّلاَثَةَ الَّتِي ذَكَرَهَا فِي هَذَا الْخَبَرِ مِنَ الْإِيمَانِ

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "হাদীসটি ইমাম শু'বাহ এককভাবে বর্ণনা করেছেন। এই হাদীসে সুস্পষ্ট বর্ণনা রয়েছে যে, ঈমানের বিভিন্ন শাখা-প্রশাখা ও অংশ রয়েছে, যাতে মুখাতাবগণের অবস্থাগুলো ভিন্ন ভিন্ন হয়ে থাকে। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই হাদীসে বলেছেন: 'যতক্ষণ না তারা এই সাক্ষ্য দেয় যে, 'আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। এবং আমি আল্লাহর রাসূল' এটা হলো ঈমানের ঐ শাখার প্রতি ইঙ্গিত, যা মুখাতাব ব্যক্তিদের উপর সর্বাবস্থায় ফরয। তারপর তিনি বলেছেন: 'এবং সালাত প্রতিষ্ঠা করে' এখানে তিনি এমন একটি ইবাদতের বিষয়ে বলেছেন, যা মুখাতাব ব্যক্তিদের উপর কিছু অবস্থায় ফরয। তারপর তিনি বলেছেন: 'যাকাত প্রদান করে।' এখানে তিনি এমন একটি ইবাদতের বিষয়ে বলেছেন, যা মুখাতাব ব্যক্তিদের উপর কিছু অবস্থায় ফরয। কাজেই এটি প্রমাণ করে যে, হাদীসে উল্লেখিত তিনটি বিষয়ের সাথে সাদৃশ্যপূর্ণ প্রতিটি সং আমল ঈমানের অন্তর্ভূক্ত।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২২; দারাকুতনী: ১/২৩২; বাইহাকী: ৩/৩৬৭; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪০৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন